দৈনিক ইত্তেফাক 6

তারিখ 16 MAR 1992
পৃষ্ঠা ২ কলাম ৭

## ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমীপে

আমরা সিঙ্গাইর ডিগ্রী কলেজের সর্বমোট ১৮ জন পরীক্ষার্থী ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৯০ সনের বি,কম (পাস) পরীক্ষায় অংশ গ্রহণ করিয়াছিলাম। ১৯৯১ ইং সনের সেপ্টেম্বরে উক্ত পরীক্ষার ফল প্রকাশিত হয়। কিন্তু বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আমাদের সকলের ফল প্রকাশ স্থগিত রাখে। স্থগিতের কারণ হিসাবে পরম্পর জানিতে পারিলাম যে, উক্ত পরীক্ষার কোন এক পত্রের খাতা পরীক্ষকের নিকট হইতে হারাইয়া যাওয়ায় নম্বর জমা হয় নাই।

বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী কোন ছাত্র যদি পরীক্ষায় ফেল করিলে পরবর্তী পরীক্ষায় অংশ গ্রহণ করিতে পারে। আমাদের ফেল পাস কোনটাই ঘোষিত না হওয়ায় আমরা পরবর্তী ১৯৯১ইং সনের ডিগ্রী (পাস) পরীক্ষায়ও অংশ গ্রহণ করিতে পারি নাই। এই ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কোন সুস্পষ্ট বক্তব্য না পাওয়ায় আমরা অনিশ্চিত অবস্থায় গভীর হতাশার মধ্যে নিমজ্জিত। এইভাবে আমরা আর কতদিন ঝুলিয়া থাকিব? হতভাগা পরীক্ষার্থীদের ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন ব্যবস্থা গ্রহণ করিবেন কি?

—শিবা ও ইউসুফ, সিঙ্গাইর ডিগ্রী কলেজ, সিঙ্গাইর, মানিকগঞ্জ